

স্মারক নম্বর: ৪৩.২৫.০০০০.০০৩.৩০.০৮০.১৪.- ২২২

২৭/১০/১৪২৫  
তারিখ: -----  
৩০/০২/২০১৯

“ নিলাম বিজ্ঞপ্তি ”

আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের অকেজো মালামাল (যেখানে যে অবস্থায় আছে কম বেশী) নিলামের নিমিত্তে প্রকৃত ব্যবসায়ী/ব্যক্তিবর্গের নিকট থেকে নিজস্ব লেটার হেড প্যাডে/সাদা কাগজে নিম্নে উল্লেখিত শর্ত সাপেক্ষে সীলমোহরকৃত খামে নিলাম দর প্রস্তাবের জন্য নিলাম বিজ্ঞপ্তি আহ্বান করা হচ্ছে।

নিলাম দরপত্র দাখিল ও খোলার সময়সূচি:

১. নিলাম দরপত্র গ্রহণের তারিখ : বিজ্ঞপ্তি প্রচারের তারিখ হতে ১৯/০২/২০১৯, মঙ্গলবার, দুপুর ১২.৩০ ঘটিকা পর্যন্ত।
২. প্রস্তাবিত দরপত্র খোলার তারিখ : ১৯/০২/২০১৯, বিকাল ০৩.৩০ ঘটিকা(দরপত্রদাতাদের সম্মুখে যদি কেউ উপস্থিত থাকেন)।
৩. দরপত্র দাখিল : প্রশাসন শাখা (জাতীয় গ্রন্থাগার ভবন)।
৪. মালামাল দেখার সময় : ১৮/০২/২০১৯ পর্যন্ত (অফিস চলাকালীন সময়)।

নিলামের শর্তাবলী:

- ১। ব্যক্তির ক্ষেত্রে দর প্রস্তাবকের ০২(দুই) কপি সত্যায়িত ছবি ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং প্রতিষ্ঠানের ক্ষেত্রে ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি অবশ্যই দাখিল করতে হবে।
- ২। নির্দিষ্ট সময়ের মধ্যে দর প্রস্তাব দরপত্র বাঞ্চে দাখিল করতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন দর প্রস্তাব গ্রহণ করা হবে না।
- ৩। দর প্রস্তাবের সাথে জামানত হিসাবে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা (ফেরতযোগ্য) যে কোন তফসিলি ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফটের মাধ্যমে “বিবলিওগ্রাফার ও ডিডিও, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা” বরাবর জমা দিয়ে সংযুক্ত করতে হবে।
- ৪। সর্বোচ্চ দরদাতার দর গৃহীত হওয়ার পর কার্যাদেশ প্রদানের ০৭(সাত) দিনের মধ্যে কোড নং ১-১১৩৬-০০০৫-২৬৮১ এ প্রস্তাবিত সম্পূর্ণ টাকা ট্রেজারী চালানোর মাধ্যমে জমা দিয়ে চালানোর ভেরিফাইডকৃত মূলকপি প্রদান সাপেক্ষে মালামাল গ্রহণ করতে হবে। অন্যথায় কার্যাদেশ বাতিল বলে গণ্য হবে এবং জামানতের টাকা বাজেয়াপ্ত হবে।
- ৫। দর প্রস্তাব দাতা সরকারি নিয়ম অনুযায়ী পৃথক পৃথকভাবে প্রস্তাবিত দর ও ভ্যাট/ট্যাক্সসহ সর্বমোট টাকা লেটার হেড প্যাডে/সাদা কাগজে স্বহস্তে অংকে ও কথায় লিপিবদ্ধ করতে হবে।
- ৬। দর প্রস্তাব পত্রে দরদাতার পূর্ণ নাম ও তারিখসহ স্বাক্ষর অবশ্যই থাকতে হবে।
- ৭। দর প্রস্তাব গ্রহণযোগ্য না হলে নিলাম কমিটি দর প্রস্তাব পত্র বাতিল করতে পারবেন।
- ৮। যে কোন বা সকল দর প্রস্তাব কোন কারণ দর্শানো ব্যতিরেকেই গ্রহণ বা বাতিল করার সকল ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।



(মোঃ নূর হোসেন চৌধুরী)

জুনিয়র মাইক্রোফিল্মিং এন্ড ফটোস্ট্যাটিং অফিসার

ও

সদস্য-সচিব, নিলাম কমিটি।

সর্ব সাক্ষরণের অবগতির জন্য বিতরণ:

১. প্রোগ্রামার, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
২. উপপরিচালক(আঃ) চ.দা., আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
৩. চীফ বিব./উপপরিচালক(চ.দা.), আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
৪. মহাপরিচালক মহোয়ের একান্ত সহকারী, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদের অবগতির জন্য)।
৫. পরিচালক(আরকাইভস) এর একান্ত সহকারী, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
৬. পরিচালক(লাইব্রেরি) এর একান্ত সহকারী, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
৭. স্টোর এসিসটেন্ট/উচ্চমান সহকারী, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
৮. নোটিশ বোর্ড, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৯. সংশ্লিষ্ট নথি।